

India – Nigeria Strategic and Counter-Terrorism Dialogue

March 05, 2021

ভারত – নাইজেরিয়া স্ট্র্যাটেজিক এবং সন্ত্রাসবাদবিরোধী আলাপ আলোচনা

মার্চ 05, 2021

জাতীয় সুরক্ষা উপদেষ্টা শ্রী অজিত কে. ডোভাল কেসির আমন্ত্রণে নাইজেরিয়ার জাতীয় সুরক্ষা উপদেষ্টা মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) বাবাগানা মোনগুনো ভারত এবং নাইজেরিয়ার মধ্যে এনএসএ পর্যায়ে প্রথম স্ট্র্যাটেজিক ও সন্ত্রাসবাদ-বিরোধী আলাপ আলোচনার জন্য 4-5 মার্চ, 2021 নয়াদিল্লি সফর করেছিলেন।

এক ঘনিষ্ঠ ও স্ট্র্যাটেজিক পরিকাঠামোতে ভারত ও নাইজেরিয়ার জাতীয় নিরাপত্তা উপদেষ্টারা সাইবারস্পেসের মাধ্যমে সন্ত্রাসবাদ, চরমপন্থা, উগ্রপন্থা থেকে শুরু করে আন্তর্জাতিক অপরাধ, অস্ত্র ও মাদক চোরাচালান এবং জলদস্যু সমস্যা সহ আধুনিক সমাজ যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে, সে সম্পর্কে গভীর আলোচনা করেন।

সকল ধরনের সন্ত্রাসবাদের বিরোধিতা বাড়াতে সহযোগিতার সুনির্দিষ্ট ক্ষেত্র চিহ্নিত করে উভয় পক্ষই নিশ্চিত করে জানায় যে কোনও আকার বা প্রকারেই সন্ত্রাসবাদের কোন যৌক্তিকতা থাকতে পারে না। আন্তর্জাতিক ক্ষেত্রে নিজেদের সহযোগিতা বাড়াতে এবং এই প্রেক্ষিতে নিয়মিত যোগাযোগ বজায় রাখতেও তারা সম্মত হয়েছেন।

নাইজেরিয়ার জাতীয় সুরক্ষা উপদেষ্টা তার সফরের সময় বিদেশমন্ত্রীর সাথেও সাক্ষাত করেছিলেন।

নিউ দিল্লি

মার্চ 05, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.